বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
BANGLADESH LEGAL AID and SERVICES TRUST (BLAST)

০৩ জুন ২০২৪

**প্রেস বিজ্ঞপ্তি**

## পুলিশ হেফাজতে নারীর মৃত্যুর ঘটনায় সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত এবং যথাযথ বিচারের দাবী জানাচ্ছে ব্লাস্ট

যশোরের পুলিশ হেফাজতে নারীর মৃত্যুর ঘটনায় ব্লাস্ট সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত, বিচার নিশ্চিত করা এবং ক্ষতিগ্রস্ত পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের দাবী জানাচ্ছে। তাছাড়া সাম্প্রতিক সময়ে এ ধরণের ঘটনার সুষ্ঠু তদন্ত ও যথাযথ বিচার নিশ্চিত করার জন্য মানবাধিকার কমিশনের কাছে চিঠি দিয়েছে ব্লাস্ট।

গণমাধ্যম সূত্রে জানা গেছে যশোর জেলার অভয়নগর উপজেলায় নওয়াপাড়া গ্রামের আবদুল জলিল মোল্যার স্ত্রী আফরোজা বেগমকে (৪০) গত শনিবার ০১ জুন ২০২৪ তারিখে রাত দেড়টার দিকে পুলিশ আটক করে। জানা গেছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের মামলায় আফরোজা বেগমকে গ্রেপ্তারের পর থানা হেফাজতে রাখা হয়। রবিবার সকাল ৮টা ২০ মিনিটের দিকে আফরোজা বেগম থানা হাজতে অসুস্থ হয়ে পড়েন। চিকিৎসার জন্য দ্রুত তাঁকে অভয়নগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার পর সুস্থ বোধ করলে তাঁকে থানায় ফিরিয়ে আনা হয়। সকাল পৌনে ১০টার দিকে তিনি আবার অসুস্থ হয়ে পড়েন। এরপর আবার তাঁকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়। বেলা সাড়ে ১১টার দিকে হাসপাতালে নেওয়ার পর জরুরি বিভাগের চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

এ ঘটনায় সন্দেহজনকভাবে রাতে আটক ও জিজ্ঞাসাবাদের ক্ষেত্রে প্রচলিত আইন ও উচ্চ আদালতের নির্দেশনা লঙ্ঘিত হয়েছে। তাছাড়া সংবিধানের ৩৫ (৫) অনুচ্ছেদ এবং নির্যাতন বিরোধী জাতিসংঘের সনদের লঙ্ঘনও ঘটেছে। ব্লাস্ট নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন ২০১৩ এর প্রয়োগসহ এ ঘটনার দ্রুত তদন্ত সাপেক্ষে ন্যায়বিচার নিশ্চিত করা এবং নিহত ব্যক্তির পরিবারের নিরাপত্তা ও যথাযথ ক্ষতিপূরণ প্রদানের জোর দাবী জানাচ্ছে।

আরও তথ্যের জন্য যোগাযোগ করুন:

ব্লাস্ট কমিউনিকেশন বিভাগ
ইমেইল: communication@blast.org.bd